Mayor's Office of Animal Welfare

Health

কোভিড-19 এবং প্রাণীজগৎ, বারংবার জিজ্ঞাসিত প্রশ্নগুলি

যদি আমার একটি পোষ্য থাকে তবে আমি কীভাবে করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) এর জন্য প্রস্তুত হবো?
যদি আপনি কোভিড-19 -এর কারণে আপনার পোষ্যদের আর পরিচর্যা না করতে পারেন অথবা আপনাকে হাসপাতালে যেতে হয়, সেই পরিস্থিতির জন্য এখনই একটু সময় নিয়ে **পরিকল্পনা করুন আর আপনার পোষ্যদের প্রস্তুত করুন।** পোষ্যের জন্য আপৎকালীন পরিকল্পনায় সাহায্য করার জন্য আপনি যে নির্দেশনাটি ডাউনলোড করে সম্পূর্ণ করতে পারেন, তার জন্য nyc.gov ওয়েবসাইটে যান এবং সন্ধান করুন **pets and service animals** (**পোষ্য ও সেবাকারী পশু**)।

একটি পরিকল্পনা করুন — মানুষের স্বাস্থ্য সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতির জন্য প্রস্তুত হন:

- একজন বিশ্বস্ত পোষ্য পরিচর্যাকারী নির্দিষ্ট করুন (পরিবারের সদস্য, বন্ধু, প্রতিবেশী, সহকর্মী)। আপনার নির্দিষ্ট পরিচর্যাকারীর কাছে অবশ্যই আপনার বাড়ির এক গোছা চাবি থাকতে হবে, তাঁকে আপনার বাড়ি ও পোষ্যের সাথে পরিচিত হতে হবে, আপনার আপৎকালীন পরিকল্পনা জানতে হবে, এবং আপনার যোগাযোগের তথ্য থাকতে হবে।
- আপনার পোষ্য সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য লিপিবদ্ধ করুন যাতে আপনি একটি আপৎকালীন পরিস্থিতিতে সেটি সহজেই পেতে পারেন।
- প্রতিটি পোষ্যের জন্য একটি গো-ব্যাগ তৈরি করুন, যেখানে থাকবে সাধারণ খাবার, সামগ্রী, ওষুধ, পরিচয়পত্র, আপৎকালীন পরিস্থিতিতে যাদের সঙ্গে যোগাযোগ করতে হবে তাদের একটি তালিকা, আপনার পশু-চিকিৎসকর যোগাযোগের তথ্য এবং টিকাকরণের প্রমাণ।
- একটি কলার/হারনেস, চেন এবং আপনার পোষ্যের গো-ব্যাগটি এমন একটা স্থানে রাখুন, যেখান থেকে সেটি সহজে পাওয়া যাবে।
- ক্রেট, খাবার, অতিরিক্ত লিটার (মল সংগ্রাহক) এবং অন্যান্য জিনিসপত্র হাতের কাছে রাখুন যাতে পোষ্যদের দ্রুত এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া যায়।
- যদি আপনার কোনো প্রতিবেশীর সাহায্যের প্রয়োজন হয়, তবে তাদের কুকুরকে পালন করা অথবা হাঁটাতে নিয়ে যাওয়ার প্রস্তাব দিন।
- পশুদের টিকা (জলাতঙ্ক, বোরডেটেলা) প্রদান করুন, বিশেষ করে যদি পোষ্যকে অন্য স্থানে থাকতে হয়।
- যদি আপনার পোষ্যকে ওষুধ দিতে হয়, তবে আপনার পশু চিকিৎসককে অতিরিক্ত ওষুধ সরবরাহ করতে বলুন।
- নিশ্চিত করুন যাতে সব ওষুধগুলির ডোজ এবং ওষুধ প্রয়োগের নির্দেশের সাথে সেগুলিকে লিপিবদ্ধ করা হয়।

- যদি আপনি আপনার কুকুরকে হাঁটাতে বাড়ির বাইরে যেতে না পারেন, সেই পরিস্থিতির জন্য অতিরিক্ত পরিষ্কারের পণ্যগুলি এবং খবরের কাগজ বা পাপি প্যাড অবশ্যই হাতের কাছে রাখুন, যদি আপনার বাড়িতে বাগান না থাকে।

সঠিক সনাক্তকরণ নিশ্চিত করুন:

- কুকুর এবং বিড়ালদের সবসময়ে কলার বা হারনেস, রেবিজ ট্যাগ এবং সনাক্তকরণ ট্যাগ পরতে হবে। সনাক্তকরণ ট্যাগে থাকতে হবে আপনার নাম, ঠিকানা ও ফোন নম্বর, এবং আপৎকালীন পরিস্থিতিতে যার সাথে যোগাযোগ করতে হবে তার ফোন নম্বর।
- নিশ্চিত করুন যাতে আপনার পোষ্যের মাইক্রোচিপ রেজিস্টার করা থাকে এবং আপ-টু-ডেট থাকে।

পশুচিকিৎসা পরিষেবা:

- আপৎকালীন পশুচিকিৎসা পরিষেবা একটি অত্যাবশ্যক পরিষেবা। কিন্তু, অনেক পশুচিকিৎসা ক্লিনিক এবং হাসপাতাল কোভিড-19 এর সাথে সম্পর্কিত সামাজিক দূরত্ব বিষয়ক নির্দেশ পালনের জন্য তাদের প্র্যাক্টিসকে সামঞ্জস্যপূর্ণ করছে। যদি আপনার পোষ্যের পরিচর্যা প্রয়োজন হয়, সেই ক্ষেত্রে প্রথমে **আপনার পশুচিকিৎসককে ফোন করুন যাতে কীভাবে এগোবেন তা নির্ধারণ করা যায়।**

আমার পোষ্যের থেকে আমার কি কোভিড-19 হতে পারে?
বর্তমানে এমন কোনো প্রমাণ নেই যে, পোষ্য সহ পার্শ্বচর পশুদের থেকে কোভিড-19 এর প্রাদুর্ভাব বাড়ছে। সীমিত গবেষণা বলছে যে, কুকুরেরা কোভিড-19 সংক্রমণের শিকার হলেও এই রোগে অসুস্থ হয় না বা তা ছড়ায় না। বিড়ালরা সংক্রমণের শিকার হতে পারে, এবং বিড়ালের অসুস্থ হয়ে পড়ার কিছু রিপোর্ট পাওয়া গেছে। কিন্তু এই সময়ে এমন কোনো রিপোর্ট নেই যে বিড়াল থেকে মানুষের মধ্যে কোভিড-19 ছড়াচ্ছে।

কোনো পোষ্যের লোম থেকে কি কোভিড-19 এর জন্য দায়ী ভাইরাসটি ছড়াতে পারে?
কোভিড-19 সহ যে ভাইরাসগুলি শ্বাসযন্ত্র সংক্রান্ত অসুখ ঘটায়, সেগুলি পোষ্যের লোম থেকে ছড়াতে পারে এমন কোনো রিপোর্ট নেই।

আমি কোভিড-19 এ অসুস্থ এবং আমার একটি পোষ্য আছে। আমার কী করা উচিত?
পোষ্যরা কোভিড-19 ছড়াতে পারে এমন কোনো প্রমাণ বর্তমানে না থাকলেও, এটি একটি নতুন ভাইরাস যার বিষয়ে আমরা সব কিছু বুঝি না। এই কারণে, আপনি অসুস্থ হলে আপনার পোষ্যদের সাথে যোগাযোগ সীমিত করাই সবচেয়ে ভাল। ঠিক আপনার পরিবারের সদস্যদের মতোই, আপনার পোষ্যদের থেকেও আলাদা থাকুন। যদি সম্ভব হয়, আপনি অসুস্থ থাকার সময় আপনার পরিবারের আরেকজন সদস্যকে অথবা আপনার বিশ্বস্ত কোনো ব্যক্তিকে আপনার পোষ্যদের দেখাশোনা করতে বলুন। যদি আপনি অসুস্থ থাকাকালীন আপনাকে আপনার পোষ্যদের পরিচর্যা করতেই হয়, বা আপনাকে পোষ্যদের কাছে থাকতে হয়, তবে তাদের সাথে কাজকর্ম করার আগে এবং পরে আপনার হাত ধুয়ে নেবেন। পোষ্যদের জড়িয়ে ধরা, চুমু খাওয়া এবং আপনার পোষ্যদের সাথে খাবার ভাগাভাগি করে খাওয়া থেকে বিরত থাকুন; আপনার পোষ্যদের উপর কাশবেন না বা হাঁচবেন না; এবং ভিন্ন পরিবারের পোষ্যদের সাথে মেলামেশা

করবেন না। পোষ্যের বিছানা, চেন, কলার, ডিশ এবং খেলনাগুলি আপনি যেভাবে বাড়ির অন্য সব কিছু পরিষ্কার করেন, ঠিক সেভাবেই পরিষ্কার করবেন। আরও তথ্যের জন্য, cdc.gov এ যান এবং সন্ধান করুন **if you have animals (যদি আপনার কোনো পোষ্য থাকে)।**

মানুষের থেকে পশুতে ভাইরাসটি ছড়াতে পারে কি, এবং যদি এটা হয় সেই ক্ষেত্রে কোন কোন পশুর ঝুঁকি সবচেয়ে বেশি?

আমরা এখনও এই নতুন ভাইরাসের বিষয়ে এবং এটি কীভাবে ছড়ায় সেই বিষয়ে শিখছি। ব্রঙ্কস চিড়িয়াখানায় কোভিড-19 পজিটিভ বাঘের ঘটনাটি ইঙ্গিত করে যে চিড়িয়াখানার একজন কর্মীর থেকে বাঘের মধ্যে ভাইরাসটি ছড়িয়েছিল। বিভিন্ন পশু কোভিড-19 দ্বারা আক্রান্ত হতে পারে কিনা এবং কীভাবে প্রভাবিত হতে পারে তা বোঝার জন্য আরও গবেষণার প্রয়োজন আছে। স্টেটের পশু ও জনস্বাস্থ্য আধিকারিকরা এই পরিস্থিতি নিরীক্ষণ করার জন্য যুক্তরাষ্ট্র কৃষি বিভাগ (United States Department of Agriculture, USDA) এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) সাথে কাজ করছেন, এবং পর্যাপ্ত কারণ দেখা দিলে তারা অতিরিক্ত পরীক্ষা করবেন।

যদি মনে হয় যে আমার পোষ্যের ভাইরাসটি আছে, সেই ক্ষেত্রে আমার কী করা উচিত?

আপনার পশুর স্বাস্থ্য সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে আপনার পশুচিকিৎসার ক্লিনিকে যোগাযোগ করুন। গৃহপালিত পশুর জন্য পশুচিকিৎসার ক্লিনিকটি প্রস্তুত আছে তা নিশ্চিত করতে, পোষ্যের মালিককে আগে থেকে ফোন করতে হবে এবং হাসপাতাল বা ক্লিনিকে সাক্ষাতের ব্যবস্থা করতে হবে। আপনার পোষ্য যদি কোভিড-19 এ অসুস্থ কোনো মানুষের সংস্পর্শে এসে থাকে এবং আপনার পোষ্যের মধ্যে অসুস্থতার কোনো লক্ষণ দেখা যায়, তবে আপনার পশু-চিকিৎসককে অবশ্যই জানাবেন। যে পশুচিকিৎসকরা মনে করেন যে সেই পশুটিকে পরীক্ষা করা উচিত, তারা স্টেট পশুস্বাস্থ্য আধিকারিকদের সাথে যোগাযোগ করবেন, যারা নমুনাগুলি সংগ্রহ করা ও তা পরীক্ষা করা উচিত কিনা তা নির্ধারণ করার জন্য জনস্বাস্থ্য ও পশু স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে কাজ করবেন।

আমি একজন অসুস্থ ব্যক্তির কুকুরকে হাঁটাতে নিয়ে গিয়ে তাকে সাহায্য করছি। কীভাবে আমি নিরাপদে থাকব?

সবসময়ে সামাজিক (শারীরিক) দূরত্ব বজায় রাখবেন যদি সেই ব্যক্তি তখনও বাড়িতে থাকেন, এমনকি যখন আপনি হাঁটতে যাবেন তখনও। সেই ব্যক্তির বাড়িতে ঢোকার সময়, এমনকি তার বাড়িতে থাকা চেন বা কুকুরের খেলনার মত বাড়িতে থাকা জিনিসপত্রগুলি ধরার সময়ও অবশ্যই হাতে দস্তানা পড়ুন। যখন আপনি কুকুরকে হাঁটাতে নিয়ে যাওয়ার জন্য কমিউনিটিতে বাড়ির বাইরে বের হবেন, তখন মুখ ঢাকা সংক্রান্ত স্বাস্থ্য বিভাগের সাধারণ নির্দেশিকা অনুসরণ করবেন। এমনকি যে ব্যক্তিরা অসুস্থ অনুভব করছেন না অথবা যাদের কোনো উপসর্গ দেখা যাচ্ছে না, তাঁরাও ভাইরাসটি ছড়াতে পারেন।

পশুচিকিৎসক এবং পোষ্যদের জিনিসপত্রের দোকানগুলি কি ব্যবসার জন্য খোলা আছে?

অত্যাবশ্যক পশুচিকিৎসা, পোষ্যের খাবারের দোকান এবং প্রাণী শেল্টারের কার্যকলাপগুলিকে নিউ ইয়র্ক স্টেটে অত্যাবশ্যক পরিষেবা হিসাবে বিবেচনা করা হয়, এবং তাই সেগুলি “PAUSE” কার্যনির্বাহী আদেশের বাইরে আছে। ছাড়প্রাপ্ত প্রাণী পরিষেবার বিষয়ে আরও তথ্যের জন্য

agriculture.ny.gov এ যান এবং সন্ধান করুন **Interim Guidance for Animal Care Operations (প্রাণী পরিচর্যার কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তী নির্দেশনা)।**

আমি কীভাবে একটি পোষ্যের সাথে সবচেয়ে ভালোভবে সামাজিক (শারীরিক) দূরত্ব বজায় রাখতে পারি?

আপনার কুকুরকে হাঁটাতে নিয়ে যাওয়ার সময় আপনার ও অন্যান্যদের মধ্যে অন্তত 6 ফুট দূরত্ব রাখুন। সবসময়ে মনে রাখবেন যে NYC-তে এটি একটি আইন যে আপনার কুকুরকে খুব বেশি হলে 6 ফুট লম্বা চেনে বেঁধে রাখতে হবে। বাড়িতে ফিরে আসার পরে, হাতের সুস্বাস্থ্যবিধি অনুসরণ করবেন এবং সাবান ও জল/পানি দিয়ে হাত ধোবেন। কুকুরকে হাঁটানোর জন্য কমিউনিটিতে বাড়ির বাইরে বেরনোর সময় মুখ-ঢাকা সংক্রান্ত স্বাস্থ্য বিভাগের সাধারণ নির্দেশগুলি অনুসরণ করবেন। এমনকি যে ব্যক্তিরা অসুস্থ অনুভব করছেন না অথবা যাদের মধ্যে কোনো উপসর্গ দেখা যাচ্ছে না, তাঁরাও ভাইরাসটি ছড়াতে পারেন।

আমি কি তবুও প্রাণী আশ্রয় থেকে একটি পশুকে নিতে পারি অথবা পালন করতে পারি?

হ্যাঁ। এমন কোনো প্রমাণ নেই যে আশ্রয়ে থাকা কোনো পশু সহ, কোনো সহচর পশু কোভিড-19 -এর সম্ভাব্য উৎস। অনেক প্রাণী আশ্রয় এবং উদ্ধারকারী সংস্থা পশুদের পালন করা ও গ্রহণ করার জন্য আবেদনকারী খুঁজে চলেছে। পশুর পরিচর্যাকারী কেন্দ্রগুলি (Animal Care Center) এবং NYC-এর আপডেট করা কার্যকলাপ ও পশুদের গ্রহণ/পালন সংক্রান্ত নীতিগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন nycacc.org/help।

আমার আর্থিক অনটন শুরু হয়েছে এবং আমার পোষ্যের দেখাশোনা করতে সমস্যা হচ্ছে। কম খরচে অথবা বিনামূল্যে পোষ্যের পরিচর্যার কোনো রিসোর্স উপলব্ধ আছে কি?

আপৎকালীন পশু-চিকিৎসা পরিচর্যার জন্য:

- Animal Medical Center হল একটি 24/7 পশু-চিকিৎসা হাসপাতাল, যা আর্থিক সহায়তা প্রদান করে থাকে তাদের কমিউনিটি ফান্ডের মাধ্যমে। এই সময়ে তাদের আর্থিক সহায়তা সীমিত হতে পারে। আপনি যোগ্য কিনা তা জানতে এবং একটি আবেদন জমা দিতে
  amcny.org/financial-assistance এ যান।
- তাদের অনুদান সম্পর্কে আরও জানতে এবং আপৎকালীন পশু-চিকিৎসার জন্য আবেদন করতে positivetails.org/apply-for-assistance দেখুন।

কলঙ্কের বিরুদ্ধে কীভাবে পাহারা দেওয়া যায় সেই তথ্য সমেত, কোভিড-19 সম্পর্কে সাধারণ তথ্যের জন্য nyc.gov/coronavirus বা cdc.gov/covid19 দেখুন। বাস্তব সময়ে আপডেটের জন্য,692-692 নম্বরে “COVID” টেক্সট করুন। মেসেজ ও ডেটার দর প্রযোজ্য হতে পারে।

যেমন পরিস্থিতির উদ্ভব হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য বিভাগ (Health Department) তাদের সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 4.6.20